বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৮৮.০০১.২১.৪৬ | তারিখ: ১৮ মাঘ ১৪২৯
০১ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **প্রকল্পের আওতায় চলমান স্থায়ী নদীতীর সংরক্ষণ কাজে ব্যবহৃত সিসি ব্লক তৈরি ও জিওব্যাগ ভরাসহ ডাম্পিং অথবা প্লেসিং কাজ বাস্তবায়নে নিবিড় মনিটরিং নিশ্চিত করা প্রসংগে।**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় চলমান স্থায়ী নদীতীর প্রতিরক্ষা কাজের জন্য ঠিকাদার কর্তৃক প্রস্তুতকৃত সিসি ব্লক ও জিওব্যাগসমূহ কাঙ্খিত মানের না হওয়ায় টাস্কফোর্স কর্তৃক অনুমোদিত গাইডলাইন অনুযায়ী বাতিল হচ্ছে। এ ধরনের সিসি ব্লক অথবা জিওব্যাগ বাতিলের কারণে প্রকল্পের ভৌত অগ্রগতি ও আর্থিক অগ্রগতি ব্যহত হওয়াসহ প্রকল্প নির্দ্ধারিত সময়ে সমাপ্ত না হওয়ার সম্ভাবনা সৃষ্টি হচ্ছে। সর্বোপরি সাইটে প্রস্তুতকৃত সিসি ব্লক অথবা জিওব্যাগ বাতিলে ঠিকাদারগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। সাইটে সিসি ব্লক তৈরির জন্য আনয়নকৃত মালামালের গুণগতমান নিশ্চিতকরণ, ব্লক তৈরির সময় ও পদ্ধতি সঠিকভাবে অনুসরণ এবং তৈরিকৃত ব্লকসমূহ নিয়মানুসারে কিউরিং করার উপর গুরুত্বারোপ করা জরুরী। সিসি ব্লক তৈরির ক্ষেত্রে অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন যথাযথভাবে অনুসরণ করা প্রয়োজন। জিওব্যাগ ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই অনুমোদিত শিডিউল অনুসারে সাইটে জিওব্যাগ আনয়ন, নির্দিষ্ট মানের বালু দ্বারা নির্দিষ্ট পরিমাণে জিওব্যাগ ভর্তি করা অত্যাবশ্যক। **সাইটে প্রতিদিনের সিসি ব্লক তৈরির রেজিষ্ট্রারে সাইট সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর নিশ্চিতকরণসহ উপরে উল্লেখিত বিষয়সমূহে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় গত ৩০.০১.২০২৩খ্রিঃ তারিখে সদয় নির্দেশনা প্রদান করেছেন।**

**এমতাবস্থায়, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় প্রদত্ত নির্দেশনাসমূহ মাঠপর্যায়ে যথাযথভাবে প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।প্রসংগত উল্লেখ্য যে, সাইট পরিদর্শনকালে মাঠপর্যায়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ প্রদত্ত নির্দেশনাসমূহ নিবিড়ভাবে মনিটরিং করবেন এবং প্রয়োজনবোধে ব্যবস্থা গ্রহণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

১-২-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

বিতরণ :
১) প্রধান প্রকৌশলী কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল বাপাউবো, ঢাকা/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/ফরিদপুর/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল।
২) প্রকল্প পরিচালক, সকল, বাপাউবো।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৮৮.০০১.২১.৪৬/১(২৩) তারিখ: ১৮ মাঘ ১৪২৯
০১ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।

৩) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সকল), বাপাউবো।

৬) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাপাউবো, ঢাকা।

৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৮) নির্বাহী প্রকৌশলী, (সকল), বাপাউবো।

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পত্রটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১-২-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)